০১৫

সভা নং-৩১১

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ০৯/০৯/২০২১ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক .

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)সহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসের সভার কার্যক্রম শুরু করেন। | আগস্ট/২০২১ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্য বিবরনী দৃঢ়করন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে সচেতন করা হচ্ছে। প্রয়োজনে কেউ বাইরে বের হওয়ার সময় অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেন। করোনা টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। | প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেন। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেন। | ক। উপজেলা নির্বাহী অফিসার<br>খ। উপজেলা প্রকৌশলী। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। তিনি বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম দ্বিতীয় পর্যায়েও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে চলতে হবে। তিনি বলেন ডাক্তার ও নার্স স্বল্পতা নিয়েও রুগীদের চাহিদামত সেবা দিয়ে যাচ্ছেন। টিকা দানের কার্যক্রম সুন্দরভাবে চলছে তবে টিকা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য স্বাস্থ কমপ্লেক্সে কয়েকজন আনসার সদস্য বা গ্রাম পুলিশ মোতায়নের জন্য সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।<br>টিকা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য আনসার সদস্য বা গ্রাম পুলিশ মোতায়নের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার দ্রুত ব্যবস্থা নিবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, চলতি অর্থ বছরে রোপা আমন মৌসুমে আমন ধানের চারা রোপন শেষ হয়েছে। এ বছর অত্র উপজেলায়-১৭,৬০০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদের লক্ষমাত্রা অর্জিত হয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, জাতীয় শোক দিবসে উপজেলা প:প: বিভাগ উপজেলা পরিষদের গৃহীত সকল কার্যক্রমের সাথে সম্পৃক্ত ছিল। তাছাড়া কালো ব্যাজ ধারণ করাসহ অধিদপ্তর কর্তৃক প্রেরিত মেইন গেট ব্যানার ও ড্রপডাউন ব্যানার তৈরি করে কার্যালয়ের সামনে ০১/০৮/২০২১খ্রিঃ তারিখে টানানো হয়েছিল। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে সকল সেবা কেন্দ্রে বিশেষ সেবাদানসহ সদর পঃ পঃ ক্লিনিকে দীর্ঘ মেয়াদী ক্যাম্প পালন করা হয়। যে ক্যাম্পে ১৪টি ইমপ্ল্যান্ট ও ১৪ টি আইইউডি সেবা গ্রহীতাকে সেবা দেওয়া হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের দ্বারা বিগত আগস্ট/২১ খ্রিঃ মাসে ৩৭৯টি গর্ভকালীন সেবা, ১১৪টি প্রসব পরবর্তী সেবা, ৬৭১টি শিশু স্বাস্থ্য সেবা ও ২৪২৯টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। আগস্ট/২১খ্রিঃ মাসে গঙ্গারামপুর ইউনিয়নে ০-৭ দিনের এবং ৮-২৮দিনের দুইটি শিশু অপুষ্টি জনিত কারণে মৃত্যু হয়েছে। সুরখালী ইউনিয়নে ০-৭দিনের একটি শিশু পেট ফাপার কারণে মৃত্যু হয় এবং ১-<৫বছরের একটি শিশু ব্লাড ক্যান্সার জনিত কারণে মারা যায়। সুরখালী ইউনিয়নের গাওঘরা গ্রামে পূর্বে উচ্চ রক্তচাপ থাকায় গর্ভবতী হয় এবং ৭ মাসের গর্ভবতী থাকা অবস্থায় উচ্চ রক্তচাপজনিত কারণে স্টোক করে ঐ মায়ের মৃত্যু হয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন অত্যন্ত গুরুত্বপূর্ণ যা বাস্তবায়নের লক্ষ্যে পরিবার কল্যাণ সহকারীদের কর্ম এলাকায় প্রতিমাসে যতজনের জন্ম ও মৃত্যু ঘটে সে তথ্য সংগ্রহ করে প্রতি মাসের প্রথম কর্মদিবসেই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বলেন। যার একটি কপি উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জন্ম ও মৃত্যুর তথ্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর মাসের প্রথম কর্মদিবসেরই প্রদান করা হয় এবং যার একটি অনুলিপি আপনার দপ্তরে প্রতিমাসের ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণ করা হয়। সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে সেপ্টেম্বর/২০২১ মাসে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প সুরখালী ১৫/০৯/২০২১খ্রিঃ এবং বালিয়াডাঙ্গা ইউনিয়নে ২৭/০৯/২০২১খ্রিঃ তারিখ আয়োজন করা হয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। জাতীয় মৎস্য সপ্তাহ সুন্দর ভাবে শেষ হয়েছে। তিনি আরো বলেন, সমুদ্রগামী ১০ জন | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষে একটি তালিকা তৈরি করা হয়েছে। সমুদ্রগামী জেলে যারা রয়েছেন তারা সমুদ্রে মাছ ধরতে যাওয়ার পূর্বে যাতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে সি:উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করে যাওয়ার জন্য অনুরোধ করেন। | | |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। গরু হৃষ্টপুষ্ট করন বিষয়ে ৭৫ জন খামারীদের একটা প্রশিক্ষন দেওয়া হবে। তিনি সংশ্লিষ্ট চেয়ারম্যানদের মাধ্যমে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। প্রশিক্ষনের জন্য তালিকা দেওয়ার জন্য চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা সহ: শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। আগামী ১২ তারিখ তারিখ হতে স্বাস্থ্য বিধি মেনে স্কুলের ক্লাস শুরু করার নির্দেশনা পাওয়া গিয়েছে। সকল স্বাস্থ বিধি মেনে ক্লাস শুরু করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। আগামী ১২ তারিখ তারিখ হতে স্বাস্থ্য বিধি মেনে স্কুলের ক্লাস শুরু করার নির্দেশনা পাওয়া গিয়েছে। সকল স্বাস্থ বিধি মেনে ক্লাস শুরু করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনার্থীরা প্রতিদিন ১০০টাকা করে যাতায়ত ভাতা পাবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, ২০-২১ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী আরো বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন মূলক ২টি উপ-প্রকল্প ইতো মধ্যে ঠিকাদার কর্তৃক সম্পন্ন হয়েছে। ঠিকাদার কাজ সমাপ্তিতে প্রথম ও চুড়ান্ত বিলের জন্য আবেদন করেছেন। উক্ত উপ-প্রকল্প সমূহের তথ্যাবলি নিম্নে উল্লেখ পূর্বক বিল প্রদানের জন্য অত্র সভায় উপস্থাপন করা হলো। | সভায় বিস্তারিত আলোচনাঅন্তে ২০২০-২১ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কমিটিসমূহ বিস্তারিত আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ, মোতাবেক।<br><br>এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনার পর ১ম ও চুড়ান্ত বিল ১ নং ক্রমিকের | ক। উপজেলা প্রকৌশলী খ।সভাপতি প্রকল্প কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত প্রকল্পগুলি- (১) "বটিয়াঘাটা উপজেলার ১নং জলমা ইউনিয়ন, ২ নং বটিয়াঘাটা, ৩নং গঙ্গারামপুর ও ৪নং সুরখালী ইউনিয়নের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে এবং মাধ্যমিক বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ" (২) "বটিয়াঘাটা উপজেলার ৫নং ভান্ডারকোট ইউনিয়ন, ৬নং বালিয়াডাঙ্গা ও ৭নং আমিরপুর ইউনিয়নের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে এবং মাধ্যমিক বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ"।<br>উক্ত প্রকল্পদ্বয়ে বর্ণিত মালামাল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে প্রাপ্তি স্বীকার গ্রহণ পূর্বক সরবরাহ করা হয়েছে।<br>১নং ক্রমিকে বর্ণিত কাজের প্রাক্কলিত ব্যয় (ভ্যাট আয়কর সহ) ১১,৬৯,৫৯২/- চুক্তিমূল্য- ৮,৯৯,৯০০/- (আট লক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকা এবং সম্পাদিত কাজের মূল্য ৮,৯৯,৯০০/- (আট লক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকা মাত্র। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট বিল-৭,৩৭,৯১৮/-(সাত লক্ষ সাইত্রিশ হাজার নয়শত আঠারো) টাকা।<br>২নং ক্রমিকে বর্ণিত কাজের প্রাক্কলিত ব্যয় (ভ্যাট আয়কর সহ) ১১,৬৯,৫৯২/- চুক্তিমূল্য- ৯,০৩,৫০০/- (নয় লক্ষ তিন হাজার পাঁচশত) টাকা এবং সম্পাদিত কাজের মূল্য ৯,০৩,৫০০/- (নয় লক্ষ তিন হাজার পাঁচশত) টাকা মাত্র। ভ্যাট ও আয়কর ব্যতিত ঠিকাদারের প্রাপ্য নীট বিল-৭,৪০,৮৭০/-(সাত লক্ষ চল্লিশ হাজার আটশত চল্লিশ) টাকা। উক্ত কাজের ১ম ও চূড়ান্ত বিলের অর্থ প্রাপ্তির জন্য বিল প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।<br>তিনি আরো বলেন, খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার ব্যাংক ও হাই-ফ্লো নেজাল ক্যানলা সরবরহ এর কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। কাজের প্রাক্কলিত ব্যয় (ভ্যাট আয়কর সহ) ৩৩,৪৩,৭২০/-টাকা। চুক্তি মূল্য- ২৭,৭৩,৫৫৭.৫০৬ টাকা। এবং সম্পাদিত কাজের মূল্য- ২৬,২৩,১১২/-টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট বিল- ২৩,৪৭,৬৮৪/-(তেইশ লক্ষ সাতচল্লিশ হাজার ছয় শত চুরাশি) টাকা উক্ত কাজের ১ম ও চুড়ান্ত বিলের অর্থ প্রাপ্তির জন্য বিল প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।<br>ঘ। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলার ৫নং ভান্ডারকোট, ৬নং বালিয়াডাঙ্গা ও ৭নং আমিরপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উঁচু-নিচু বেঞ্চ সরবরহ। কাজের প্রাক্কলিত ব্যয় (ভ্যাট আয়কর সহ)-২৪,১২,৬৭১/-টাকা। চুক্তি মূল্য- ১৩,৭৭,৯৭৭.৭০ টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত বিল- ১১,২৯,৯৪০/-(এগারো লক্ষ উনত্রিশ হাজার নয়শত চল্লিশ) টাকা। | টাকা- ৮,৯৯,৯০০/- টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট বিল-৭,৩৭,৯১৮/- টাকা এবং ২নং ক্রমিকের ৯,০৩,৫০০/- টাকা। ভ্যাট ও আয়কর ব্যতিত নীট বিল-৭,৪০,৮৭০/-টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বরাবর টাকা অনুমোদনের জন্য প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ। ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার ব্যাংক ও হাই-ফ্লো নেজাল ক্যানলা সরবরহ বাবদ-২৬,২৩,১১২/-টাকা এবং<br>(ঘ)২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত বটিয়াঘাটা উপজেলার ৫নং ভান্ডারকোট, ৬নং বালিয়াডাঙ্গা ও ৭নং আমিরপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উঁচু-নিচু বেঞ্চ সরবরহ বাবদ-১৩,৭৭,৯৭৭/- টাকা।সভায় আলোচনাঅন্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বরাবর টাকা অনুমোদনের জন্য প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। ঋণ আদায় কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সহ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান, ১নং ইউপি বলেন, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | প্যানেল চেয়ারম্যান ৪নং ইউপি বলেন তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | ৫নং ভান্ডারকোট ইউ.পি চেয়ারম্যানের সভায় জানান যে, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | বিউটি মন্ডল,সংরক্ষিত সদস্য উ:প: | বিউটি মন্ডল, সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সংরক্ষিত সদস: |
| ২৭ | দিপ্তি মল্লিক, সংরক্ষিত সদস্য উ:প: | দিপ্তি মল্লিক সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সংরক্ষিত সদস্য উ:প: |
| ২৮ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট,২১ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৮,২৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৮,৩০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং সেপ্টেম্বর, ২১ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | হয়। | |
| ২৯ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| ৩০ | সভাপতি | সভার সভাপতি মহোদয় বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। বাইরে গেলে অবশ্যই প্রত্যেকে মাস্ক ব্যবহার করার জন্য তিনি পরামর্শ দেন। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সকল সদস্য |
| ৩১ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

০৯/০৯/২০২১

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ৫৮৮ তারিখ ঃ ৯/০৯/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, খুলনা।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা।
৬। উপজেলা..........................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা।
৭। চেয়ারম্যান,.................................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা।

(মোঃ আব্দুল হাই সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব শেখ মোঃ আশিকুজ্জামান, চেয়ারম্যান ,১নং জলমা, ইউ.পি।
৪. জনাব মনোরঞ্জন মন্ডল, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব শেখ মোঃ হাদি উজ জামান হাদী, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব আ : হাদি, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৭. জনাব ইসমাইল হোসেন মোল্যা বাবু, চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট, ইউ.পি।
৮. জনাব গোলাম হাসান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব বিউটি মন্ডল, সংরক্ষিত উপজেলা পরিষদ সদস্য।
১১. জনাব দিপ্তি রানী মল্লিক, সংরক্ষিত উপজেলা পরিষদ সদস্য।
১২. জনাব ডা : মো : মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা।
১৩. জনাব বঙ্কিম হালদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
১৪. জানাব মনিরুল মামুন,সি:উপজেলা মৎস্য কর্মকর্তা
১৫. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৬. জনাব আলমগীর সরদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি।
১৭. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৮. জনাব রফিকুল ইসলাম, সহ :উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৯. জনাব আলমগীর হোসেন, উপজেলা শিক্ষা অফিসার।
২০. জনাব প্রসেনজিৎ চক্রবর্তি, সহ : উপজেলা প্রকৌশলী।
২১. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা।
২২. জনাব অঞ্জনা বিশ্বাস, উপজেলা মহিলা বিষয়ক দপ্তর।
২৩. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২৪. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তা।
২৫. জনাব শেখ আজিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৬. জনাব হাসিবুর রহমান উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৭. জনাব নারায়ন চন্দ্র মন্ডল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

# সভা নং-৩১১

উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২১ মাসের সভা কার্যবিবরণী
সভাপতি: মো: আশরাফুল আলম খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা। তারিখ:- ০৭/০৯/২০২১খ্রি:। বেলা:- ১০.০০ টায়
সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | |
|---|---|---|---|---|
| ১ | জনাব মো: আশরাফুল আলম খান | চেয়ারম্যান উ: প: বটি: খুলনা | | |
| ২ | " মো: আব্দুল হাই সিদ্দিকী | উ: নির্বাহী অফিসার | | |
| ৩ | " নিতাই গাইন | ভাই: (পুরুষ) উ: ভাইস চেয়ারম্যান | | |
| ৪ | " চঞ্চলা মন্ডল | উ: মহিলা ভাইস চেয়ারম্যান | | |
| ৫ | " শেখ মো: আশিকুজ্জামান | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | | |
| ৬ | " মনোরঞ্জন মন্ডল | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি | | |
| ৭ | " শেখ মো: হাদি-উজ্জামান হাদী | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | | |
| ৮ | " মো: আব্দুল হাই সরদার | চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি | | |
| ৯ | " মো: ইসমাইল হোসেন মোল্লা বাবু | চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি | | |
| ১০ | " মো: গোলাম হাসান নকীব | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | | |
| ১১ | " বি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | | |
| ১২ | " বিউটি মন্ডল | উ: পরিষদ সদস্য | | |
| ১৩ | " দীপ্তি রানী মল্লিক | ঐ | | |
| ১৪ | " ডা: মো: মিজানুর রহমান | উ: স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | | |
| ১৫ | " সেলিনা খাতুন | উ: পরি: পরিকল্পনা কর্মকর্তা | | |
| ১৬ | " রবিউল ইসলাম | উ: কৃষি অফিসার | | |
| ১৭ | " মো: মনিরুল মামুন | সিনি: মৎস্য কর্মকর্তা | | |
| ১৮ | " ডা: বঙ্কিম কুমার হালদার | উ: প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| ১৯ | " এমদাদুল হক | উ: প্রকল্প বাস্ত: কর্মকর্তা | | |
| ২০ | " অমিত সমাদ্দার | উ: সমাজ সেবা অফিসার | | |
| ২১ | " জি এম আলমগীর কবির | উ: শিক্ষা অফিসার | | |
| ২২ | " হাসি রানী রায় | উ: মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ২৩ | " মোনায়েম খান | উ: যুব উন্নয়ন কর্মকর্তা | | [illegible] |
| ২৪ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উ: প্র: প্রকৌ: | | |
| ২৫ | " মো: হাসিবুর রহমান | [illegible] | | |
| ২৬ | " জান্নাতুন নেছা | উ: সমবায় [illegible] | | |